

নম্বর 202.27

নির্বাহী আদেশ

দুর্যোগকালীন পরিস্থিতির জরুরি অবস্থা সংক্রান্ত অব্যাহত  
আইনের সাময়িক স্বগিতাদেশ ও পরিবর্তন

যেখানে, 07 মার্চ 2020 তারিখে আমি নির্বাহী আদেশ নম্বর 202 জারি করি, যা স্টেটের সর্বত্র সমস্ত কাউন্টিগুলিতে স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার কথা ঘোষণা করে;

যেখানে, COVID-19 এর ভ্রমণ সংশ্লিষ্ট এবং সম্প্রদায়ের মধ্যে যোগাযোগ সংক্রান্ত সংক্রমণ উভয়ই নিউ ইয়র্ক স্টেটে নথিবদ্ধ করা হয়েছে এবং আরো অব্যাহত হতে পারে এবং

এখন, অতএব, আমি, অ্যান্ড্রু এম. কুওমো, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, দুর্যোগকালীন সঙ্কটের সময় সেই দুর্যোগের সাথে মোকাবেলা করার জন্য প্রয়োজনীয় নির্দেশ জারি করার জন্য নির্বাহী আইনের সেকশন 29-a আর্টিকেল 2-B অনুযায়ী আমার উপর ন্যস্ত কর্তৃত্বের বলে, আমি এই নির্বাহী আদেশের তারিখ থেকে 04 জুন 2020 সময়কালের জন্য নিম্নলিখিত নির্দেশগুলি জারি করছি:

- যে কোন আইনের কোন স্বগিতাদেশ বা পরিবর্তন যা নির্বাহী আদেশে 202-এ স্বগিত করা হয়েছে, অথবা যা এর পরে কোন সংশোধিত বা সংশোধিত নির্বাহী আদেশে জারি করা হয়েছে, যা একটি চালু নিউ ইয়র্ক স্টেট লাইসেন্স বা নিবন্ধন ছাড়া একটি পেশার অনুশীলনের জন্য অনুমতি দিয়েছে, যার অন্তর্ভুক্ত কিন্তু সেই সকল ব্যক্তির মধ্যে সীমাবদ্ধ নয়, যারা অন্য কোন রাষ্ট্রে বা কানাডায় লাইসেন্সকৃত, এতদ্বারা সেই পেশাদারদের প্রতি ত্রিশ দিনের সময়কালের জন্য প্রসারিত যাতে সেই পেশাদাররা তাদের পরিষেবা প্রদান করার জন্য সক্ষম হন যা রাজ্যের COVID-19 এর প্রতি প্রতিক্রিয়ার জন্য প্রয়োজন।

আমার স্বহস্তে এবং অ্যালবেনি স্টেটের প্রিন্সিপাল সীল সহ

অ্যালবেনি শহরে দুই হাজার বিশ সালের

মে মাসের পঞ্চম দিনে প্রদান করা।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব